এবার আরও কম দামে
ইলেকট্রনিকস্ এর
সকল রকম মডেলের ট্রানজিষ্টার রেডিও
১ ব্যাণ্ড মিডিয়াম ১৫০·০০
৩ „ অলওয়েভ ২২৫·০০
কর স্বতন্ত্র
এজেন্সির জন্য আবেদন করুন
SOUND & ELECTRONIC
58-B, Amherst St. Cal-9



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ


সাপ্তাহিক সংবাদ-পত্র



বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই আষাঢ় বুধবার, ১৩৭৩ ইং 29th June 1966 { ৭ম সংখ্যা।





সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২



রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।





খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ



সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
স্থলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।



স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



# জঙ্গিপুর সংবাদ

১৪ই আষাঢ় বুধবার সন ১৩৭৩ সাল।

## ফসলের পরিচর্য্যা ও বৃক্ষ-রোপণ

আষাঢ় মাসে খেতখামারে ফসলের পরিচর্য্যা করতে হয়। নিড়ানি দেওয়া বা আগাছা নিয়ন্ত্রণ করার কাজ এই মাসের মধ্যেই শেষ করতে হয়, না হলে বর্ষা সুরু হয়ে গেলে এ কাজ শেষ করার সুযোগ আর পাওয়া যায় না। আগাছা ফসলের শত্রু, কারণ সযত্নে লাগান প্রয়োজনীয় ফসলের খাবার এরা চুরি করে। আউশ ধান এবং পাটের নিড়ানি এ মাসের প্রধান কাজ।

আষাঢ় মাসে আমাদের দেশে বৃষ্টির ধারা আমরা পাবই এই নিশ্চিত ধারণার বশবর্ত্তী হয়ে এই মাসেই বৃক্ষ-রোপণ উৎসব আমরা পালন করি। বৃক্ষ আমাদের দুঃখ দেয় না কিন্তু তার ছায়া, ফল এবং তার ভূমি সংরক্ষণের কাজ দিয়ে সর্ব্বদাই আমাদের উপকার করে যাচ্ছে। পৃথিবীতে বৃক্ষ-হীন অবস্থার কথা আমরা ভাবতে পারি না কেননা সেই অবস্থায় মানুষের প্রাণ ধারণও সম্ভব হবে না। কাজেই শহরে, গ্রামে, রাস্তায় ছায়া দেবার জন্য, গ্রামাঞ্চলে জ্বালানির জন্য, আমাদের নিত্য প্রয়োজনীয় ফলের জন্য এবং পাহাড়ী অঞ্চলে ভূমি সংরক্ষণের জন্য আমাদের আরও বৃক্ষ রোপণ করতে হবে। আবাদি জমির অনুপাত অনুযায়ী বনভূমির পত্তন বন মহোৎসব বা বৃক্ষ-রোপণ উৎসব ছাড়াই করতে হবে।

আউশ ধান: নিড়ানির কাজ এখনই শেষ করতে হবে।

আমন ধান: উচু বীজতলায় চারা ফেলা জ্যৈষ্ঠ থেকে সুরু করে এই মাসেই শেষ করতে হয়। কাদান বীজতলা এই মাসে করা সহজ এবং তাতে চারা বাড়ে বেশী।

## বাজি রেখে কেরোসিন তেল খেয়ে ছাত্রের মৃত্যু

বসিরহাট থেকে পাঁচ ছয় মাইল দূরবর্ত্তী কাটিয়াহাট বহুমুখী বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র আবদুল মজিদ দফাদার (১৯) সম্প্রতি বাজি রেখে একবোতল কেরোসিন তেল খায় এবং তার ফলে সে মারা যায় বলে খবর পাওয়া গিয়েছে। প্রকাশ, একবোতল কেরোসিন তেল খেতে পারলে তাকে বিস্কুট ও সন্দেশ দেওয়া হবে বলা হলে সে জেদ ও লোভের বশবর্ত্তী হয়ে একবোতল কেরোসিন তেল খেয়ে ফেলে এবং সঙ্গে সঙ্গে সংজ্ঞাহীন হয়ে পড়ে। তাকে তৎক্ষণাৎ বাজিতপুর স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তার মৃত্যু হয়। ছাত্রটির মৃত্যুর পর বাদুড়িয়া পুলিশ ঘটনাস্থলে এসে তদন্ত করে এবং ময়না তদন্তের জন্য তার মৃতদেহ বসিরহাটে পাঠায়।

## সরকারী আদেশের গতি

বীরভূমের জেলা শাসক মে মাসের প্রথম সপ্তাহে জরুরী আদেশ দিলেন—জেলার অভ্যন্তরে সীমান্তের ৫ মাইল এলাকা মধ্যে সন্ধ্যা ৬টা থেকে ভোর ৫টা পর্য্যন্ত মাথায়, নৌকায়, যানবাহন বা অন্য কোন উপায়ে ধান চাল বহন করা চলবে না। কালেকটরেট থেকে মাত্র কয়েকশত গজ দূরে আর এক সরকারী অফিসে সে আদেশ এসে পৌচেছে জুন মাসের দ্বিতীয় সপ্তাহে। যাদের অবগতির জন্য এ আদেশ তারা কবে শুনবে কে জানে?

## আটক চাল রেশন দোকানের মাধ্যমে বিক্রি

পুলিশ রাণাঘাট মহকুমার বিভিন্ন রাস্তার, রেল ষ্টেশনে ও ট্রেণে হানা দিয়ে গত একপক্ষকালের মধ্যে মোট ৬৩৫ কুইন্টল ৮০ কেজি চাল উদ্ধার করেছে। এই চাল রেশন দোকানের মাধ্যমে বিক্রি করা হচ্ছে। শত শত নরনারী, বালক-বালিকা, এমন কি বহু পঙ্গুও চালের চোরা কারবারে লিপ্ত রয়েছে। তারা এত বেপরোয়া যে, মাঝে মাঝে পুলিশের যে হামলা হয় তাতেও তারা ভীত নয়। বর্ত্তমানে রাণাঘাটে চালের বাজার দর ১ টাকা ৮০ পয়সা কেজি।

## এ হাসপাতাল থেকে ও হাসপাতাল

ইন্দুমতী দেবী নামে লালবাগের এক দরিদ্র বৃদ্ধা কিছুদিন থেকে ভাঙা পা নিয়ে লালবাগের মহকুমা হাসপাতালে পড়ে আছেন। গঙ্গায় স্নান করতে গিয়ে বৃদ্ধা পড়ে যান এবং তাঁর একখানি পা ভেঙে যায়। তাঁকে লালবাগ হাসপাতালে ভর্ত্তি করা হয়। কিন্তু লালবাগ হাসপাতালে এক্সরের ব্যবস্থা না থাকায় তাঁকে এ্যাম্বুলেন্স গাড়ীতে করে বহরমপুর সদর হাসপাতালে পাঠানো হয়। কিন্তু সদর হাসপাতালে বৃদ্ধাকে ভর্ত্তি না করে সোজা লালবাগ হাসপাতালে ফেরত পাঠানো হয়।

পরদিন আবার বৃদ্ধাকে চিকিৎসার জন্য বহরমপুর সদর হাসপাতালে পাঠানো হয়। এদিন বৃদ্ধা সদর হাসপাতালে থাকলেন বটে কিন্তু তাঁর চিকিৎসার ব্যবস্থা হল না এবং ঠিক পরের দিনই সদর হাসপাতালের এ্যাম্বুলেন্স তাঁকে লালবাগ হাসপাতালে ফেরত নিয়ে এল।

এইভাবে দুই হাসপাতালের মধ্যে টানাপোড়নের পর বৃদ্ধা এখন তাঁর ভাঙা পা নিয়ে লালবাগ হাসপাতালে অসহায় অবস্থায় পড়ে আছেন।

## প্রাথমিক বিদ্যালয়ে বিনামুল্যে মধ্যাহ্নের আহার

জুলাই মাস থেকে বসিরহাট শহর ও এই শহরের সন্নিহিত অঞ্চলসমূহের প্রাথমিক বিদ্যালয়-গুলির ছাত্র ছাত্রীরা বিদ্যালয়ে বিনামূল্যে দুপুরের খাবার পাবে। পশ্চিম জারমানীর চারচ মিশনের উদ্যোগে এই ব্যবস্থা চালু হতে চলেছে।

পশ্চিমবঙ্গের ২৪ পরগণা জেলার বসিরহাট মহকুমাকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। দুপুরে ছাত্র-ছাত্রীদের ভাত, ডাল ও তরকারি খেতে দেওয়া হবে বলে জানা গিয়েছে।

WANTED a graduate Asstt. teacher. Apply to the Secretary, Bangabari Jr. High School, P. O. Gangin, Dt. Murshidabad on or before 8. 7. 66.

### কারাদণ্ড

মুর্শিদাবাদের জেলা জজ দায়রা মোকর্দ্দমার আসামী টলি ওরফে দিলীপকুমার ওরফে সামসুল মিঞা ওরফে সামসেদ মিঞাকে নাবালিকা মায়ারাণী সরকারকে অসদুদ্দেশ্যে ফুসলিয়ে যাওয়ার অপরাধে ভারতীয় দণ্ডবিধির ৩৬৬ ধারায় দোষী সাব্যস্ত করিয়া চারি বৎসর সশ্রম কারাদণ্ড ও শ্লীলতাহানির জন্য ৩৫৪ ধারায় দুই বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন। উভয় দণ্ড একসঙ্গে চলিবে।

---

### রাইফেল চালকদের সম্বর্দ্ধনা

পশ্চিম জার্মানীতে বিশ্ব শুটিং প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য ভারতের নির্ব্বাচিত ৪ জন প্রতিনিধির মধ্যে বাংলার ৩ জন শ্রীমতী শোভিতা চ্যাটার্জী, কুমারী শান্তা বিশ্বাস এবং শ্রী পি, কে, দাসকে কলকাতা তথ্য কেন্দ্রে পশ্চিমবঙ্গ রাইফেল এ্যাসোসিয়েসনের তরফ থেকে সম্বর্দ্ধনা জানানো হয়।

---

### পকেটের কেরামতি

রঘুনাথগঞ্জ থানার খান্দুয়া গ্রামের এক চোরাই চালানদারের গায়ে ছিল ৪১ পকেট-ওয়ালা একটি ফতুয়া এবং পুলিশ এই পকেটগুলি তল্লাসি করে হিস্কের ৩২০-টি বিলাতী থারমোমিটার পেয়েছে বলে খবর জানা গিয়েছে। প্রকাশ, এই চোরাই চালানদারের বাড়ী তল্লাসী করেও ৯০ কেজি গোলমরিচ, ২০ কেজি দারুচিনি, ১২০ প্যাকেট ফাউণ্টেন পেনের বিভিন্ন অংশ ইত্যাদি পাওয়া গিয়াছে। সব জিনিসই পাকিস্তান থেকে পাচার করে আনা হয়েছে।

রঘুনাথগঞ্জ থানার পুলিশ কিছুদিন আগে জঙ্গিপুর খেয়াঘাটে দু'জন চোরাই চালানদারকে ধরেছে। প্রকাশ, তাদের কাছ থেকে চারশ জাপানী থারমোমিটার ও বিলাতী ওষুধের একশ খাপ পাওয়া গিয়েছে। খাপের ওষুধগুলি নাকি আগেই পাচার করা হয়েছে।

---


## — কৃষি সংবাদ —

॥ ধইঞ্চা বোনার সুবর্ণ সুযোগ ॥

পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে এবারে বর্ষা সুরু হয়েছে
ধইঞ্চা বোনার এই সুবর্ণ সুযোগ
বিঘা প্রতি ৫ থেকে ৬ কে. জি. বীজ বুনুন।

জুলাইয়ের শেষ সপ্তাহে অথবা অগাষ্টের প্রথমে এই ধইঞ্চার গাছকে লাঙ্গল দিয়ে মাটির সঙ্গে মিশিয়ে দিন।

সবুজ সার হিসেবে ধইঞ্চা একর প্রতি ২ থেকে ৩ মণ বেশী ধান উৎপাদনে আপনাকে সাহায্য করবে।

**নাইট্রোজেন যুক্ত রাসায়নিক সারের প্রয়োজনও এতে অনেক কম হবে।**

ডবলু. বি. (আই. অ্যাণ্ড. পি. আর) এফ. পি. সি. (সি. ১০) ৯৬২৯ (৭৩)/৬৬


### কৃষক সমিতির নেতৃত্বে রাস্তা সংস্কার

গত মে মাসে ডোমকল থানার আমিনাবাদ গ্রামের অধিবাসীগণ গ্রামের একমাত্র রাস্তাটি সংস্কারের জন্য বহুদিন ধরিয়া প্রধান উপ-প্রধান অঞ্চল সদস্যদের অনুরোধ উপরোধ করা সত্বেও উক্ত রাস্তা সংস্কারের কোন ব্যবস্থা হয় নাই। বর্ষার সময় যানবাহন চলাচল অসম্ভব হইয়া পড়ে।

অনন্যোপায় হইয়া গ্রামের ৮১ জন সাধারণ মানুষ কৃষক সমিতির কর্মী মহাঃ সলিমউদ্দিনের নেতৃত্বে তিনদিনে মোট ৩২৪০০ মাটি রাস্তায় ফেলেন। বিনামূল্যে এই গঠনমূলক কাজ করায় এতদঞ্চলের জনসাধারণের মধ্যে ব্যাপক সাড়া জাগিয়াছে এবং কৃষকগণ সমিতির সদস্য হইতেছেন।

---

### বাংলা কংগ্রেসের জেলা পর্ষৎ

বাংলা কংগ্রেসের মুর্শিদাবাদ জেলা সাময়িক পর্ষৎ গঠিত হয়। উক্ত সভায় জেলার প্রাচীন কংগ্রেস নেতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ আঢ্য মহাশয় সভাপতিত্ব করেন। সভায় নিম্নলিখিত ব্যক্তিগণ সর্ব্বসম্মতিক্রমে কর্ম্মকর্তা নির্ব্বাচিত হন—সভাপতি শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য। সহ সভাপতিগণ সর্ব্বশ্রী ছত্রপতি রায়, বিজয় ঘোষাল, জিতেন্দ্রনাথ রায় ও পতিতপাবন মিশ্র। সাধারণ সম্পাদক: শ্রীরামচন্দ্র সাহা, সম্পাদকত্রয়: সর্ব্বশ্রী বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায় সৈয়দ আলি জাকের ও বাসুদেব চৌধুরী কোষাধ্যক্ষ শ্রীশঙ্করদাস পাল ইহা ছাড়া ২১ জন জেলা কার্য্যকরী সমিতির সভ্যরূপে ও ৪ জন প্রাদেশিক পর্ষদে নির্ব্বাচিত হইয়াছেন।

## বজ্রাঘাতে মৃত্যু

কিছুদিন পূর্ব্বে ধুলিয়ান মিউনিসিপ্যালিটির কমিশনর হরমুজ আলির ৫০ বৎসর বয়স্ক ভ্রাতা ইমামউদ্দিন পদ্মার চর অনন্তপুর দিয়ারে জমি নিরানের কাজে গিয়া বজ্রাঘাতে মারা যান। ঐ দিনই সুতী থানার অন্তর্গত বাউরীপুনী গ্রামের অধিবাসী জনাব ভাদু সেখের কন্যা বজ্রাঘাতে অকাল মৃত্যুর কবলে পড়েন এবং তাঁর পুত্রবধূ মোজলেমা খাতুন ভীষণ আঘাত পান কিন্তু চিকিৎসায় আরোগ্য হন। কাঞ্চনতলা ফুটবল মাঠের সন্নিকটস্থ এলাকায় ১৮ বৎসর বয়স্ক আজিজুর রহমান, ১৭ বৎসর বয়স্ক জালালউদ্দিন এবং ঝাল্লো সেখের পুত্রও বজ্রাঘাতে বিশেষ ভাবে অসুস্থত। অনুভব করেন।

## অধিক সন্তান চান না

ভারত সরকারের পক্ষে কিছুদিন আগে পরিবার পরিকল্পনা বিষয়ে এক সমীক্ষা চালানো হয়। তিনটি সন্তানের জনকজননীদের কাছ থেকে অভিমত চাওয়া হয়েছিল। গ্রামে ও শহরে বাছাই করে এই সমীক্ষা পরিচালিত হয়। প্রতিটি ক্ষেত্রে মাতা-পিতারা জানান যে তাঁরা আর সন্তান চান না, কিন্তু কিভাবে সে ইচ্ছা সিদ্ধ করা সম্ভব তা তাঁদের মধ্যে অনেকেই জানেন না।

## তড়িতাহত হয়ে বালিকার মৃত্যু

বহরমপুর গোরাবাজারের চুড়ামন চৌধুরী লেনের এক বাড়ীতে ১০/১২ বছর বয়সের একটি বালিকা পেয়ারা গাছে উঠে পেয়ারা পাড়ছিল এবং নীচে দাঁড়ানো ছোট ভাই-বোনদের পেয়ারা দিচ্ছিল। হঠাৎ গাছের ডাল পাশের প্রাচীরে ঠেকতেই বালিকাটি তড়িতাহত হয়ে পড়ে যায় এবং সঙ্গে সঙ্গে তার মৃত্যু হয়। প্রাচীরের পাশ দিয়ে 'এ-সি' কারেন্টের বৈদ্যুতিক তার গিয়েছে এবং গাছের ডালের সঙ্গে ঐ তার লাগতেই এই শোচনীয় বিপত্তি।

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ (লে) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন (২) ও (৫) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ (লে) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

(১)

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন।
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

(২)

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

(৩)

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

(৪)

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

(৫)

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত (দা' ঠাকুর)

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ৩২৩। ৬৫ অন্য

বাদী—সহরবানু বিবি স্বামী মৃত ইউসফ মণ্ডল সাং চাঁদপুর ( লবণচোয়া ) থানা সুতী

বিবাদী—আসামুদ্দিন বিশ্বাস দিং

সাং চাঁদপুর

এতদ্দ্বারা জানান যাইতেছে যে উপরোক্ত বাদী আপনাদের বিরুদ্ধে স্বত্ব থাকা সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞা ও বর্ত্তমান রিভিসন্থাল রেকর্ড ভ্রমাত্মক জন্য মোকদ্দমা দায়ের করিয়াছেন। উহাতে আপনাদের কোন জবাব দিবার থাকিলে আগামী ১৯৬৬ সালের ২২/৭ তারিখে দর্শাইবেন, নচেৎ আপনাদের বিরুদ্ধে উক্ত মোকদ্দমা এক তরফা শুনানী হইয়া যাইবে।

অদ্য সন ১৯৬৬ সালের ২৯/৬ তারিখে আমার স্বাক্ষর ও মোহর যুক্ত মতে দেওয়া গেল।

By Order of the Court
B. B. Ghosh
Sheristadar, Munsif's
1st. Court, Jangipur.

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই জুলাই, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ লক্ষ্মীকান্ত মণ্ডল দেং রামেশ্বর মণ্ডল মৃতাস্তে ওয়ারিশ ও স্বয়ং লক্ষ্মীকান্ত মণ্ডল দিং দাবি ৯৮'৭২ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদিরপুর ৫৯ শতকের কাত ২'৯৪ পয়সা আঃ ৭০৲ রায়ত স্থিতিবান

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৮ই আগষ্ট, ১৯৬৬

১৯৬৪ সালের ডিক্রীজারী

৩৮ মনি ডিঃ অমরেন্দ্রনাথ দাস দিং দেং রমণী-রঞ্জন দাস দিং দাবি ৪০'৯১ পয়সা থানা সুতী মৌজে হারোয়া ২৭-৪৪ শতকের কাত ৫০।৭ জমার সামিল ২-০৬ শতক জমি দেন্দারের ১/৫ অংশ আঃ ২০৲

৩৯ মনি ডিঃ ঐ দেং কালীকিঙ্কর দাস দিং দাবি ৪৮'৮২ পয়সা মৌজাদি ঐ ২৭-৪৪ শতকের কাত ৫০।৭ জমার সামিল ৩৬ শতক জমি


# — কৃষি সংবাদ —

## উন্নত কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে ফলন বাড়ান

## এতে খরচও হবে অনেক কম

কৃষি উৎপাদন বাড়াতে আধুনিক যন্ত্রপাতি ব্যবহারে উৎসাহ দেবার জন্য পশ্চিমবঙ্গ সরকার শতকরা ৫০ টাকা কমে কৃষি যন্ত্রপাতি বিক্রয়ের ব্যবস্থা করেছেন। অর্ধেক দামে ( যা এখানে বলা হল ) এই সকল যন্ত্রপাতি কিনতে পারেন আপনার এলাকার জেলা কৃষি অফিস, ব্লক অফিস বা সমবায় সমিতিতে।

| যন্ত্রের নাম | মূল্য |
|---|---|
| ১। বীজ বোনার যন্ত্র | ৩৮ টাকা |
| ২। চারা নিড়ানি যন্ত্র | ১৯ টাকা |
| ৩। ধান নিড়ানি যন্ত্র | ১৫ টাকা |
| ৪। (ক) উন্নত ধরণের লাঙ্গল | ১৬ টাকা |
| (খ) একটি অতিরিক্ত ফাল | ৫ টাকা ৫০ পয়সা |
| ৫। দোন (ক) ১৫ ফুট লম্বা | ২৭ টাকা ৫০ পয়সা |
| (খ) ১৩ ফুট লম্বা | ২৪ টাকা ৫০ পয়সা |
| ৬। সীড ড্রেসার | ৩৬ টাকা ৫০ পয়সা |
| ৭। হস্তচালিত স্প্রেয়ার | ১০৩ টাকা ৫০ পয়সা |

## আধুনিক যন্ত্রপাতি কিনতে

## এই সরকারী সাহায্যের সুযোগ নিন

— মনে রাখবেন —

**আধুনিক কৃষি যন্ত্র ব্যবহারেই ফলন বাড়ে খরচ কমে**

ডবলু. বি. ( আই. অ্যাণ্ড. পি. আর ) এফ. পি. সি. (সি. ৯) ৯৬৩০ (৭৩)/৬৬



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)